তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং ঃ ০৯/২০১৪

অভিযোগকারী ঃ জনাব মোঃ তাঈদ উদ্দিন খান
পিতা-মোঃ সাঈদ উদ্দিন খান
মা হাওয়া মঞ্জিল, ৩য় তলা পূর্ব
১০/ডি, বাশঁবাড়ী, মোহাম্মদপুর
ঢাকা-১২০৭।

প্রতিপক্ষ ঃ জনাব মোঃ আবদুল লতিফ
উপ-মহাব্যবস্থাপক (শাখা নিয়ন্ত্রন বিভাগ)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী।

সিদ্ধান্তপত্র।

(তারিখ ঃ ২৮-০১-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ তাঈদ উদ্দিন খান ২৯-০৯-২০৩ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়ের উপ-মহাব্যবস্থাপক (শাখা নিয়ন্ত্রন বিভাগ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বরাবরে পৃথক দু'টি আবেদনে নিম্নলিখিত তথ্য দু'টি জানতে চেয়ে আবেদন করেন-
অভিযোগকারীর দাখিলকৃত একটি আবেদনে প্রার্থীত তথ্য-

- **মোঃ তাঈদ উদ্দিন খান, উর্দ্ধতন কর্মকর্তা (ইস্তফাকৃত), আইন বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী এর ছুটি নগদায়ন ও আনুতোষিক প্রাপ্যতা বিষয়ে মানব সম্পদ উন্নয়ন বিভাগ কর্তৃক চাহিদার প্রেক্ষিতে আইন বিভাগের মাধ্যমে উপস্থাপিত আইন উপদেষ্টার গত ০৭-০৮-২০১২ ও ২৮-১১-২০১২ ইং তারিখের আইনগত মতামত।**

অভিযোগকারীর দাখিলকৃত অন্য আবেদনে প্রার্থীত তথ্য-

- **সম্প্রতি মহাব্যবস্থাপক জনাব মোঃ একরামুল হক কর্তৃক নারী কর্মীর শ্লীলতাহানী সংক্রান্ত অভিযোগ বিষয়ে গঠিত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন এর ফটোকপি।**

০২। উক্ত আবেদনের প্রেক্ষিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ২২-১০-২০১৩ তারিখে অভিযোগকারীকে প্রকা/ শানিবি-১৪৩/২০১৩-১৪/৪৫২ নং স্মারকে তথ্য সরবরাহ করেন। প্রদত্ত তথ্যে অসন্তুষ্ট হয়ে অভিযোগকারী ১২-১১-২০১৩ তারিখে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপক (পরিচালন) ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল কর্তৃপক্ষ (আরটিআই) জনাব নিশীথ কুমার সাহা ০৪-১২-২০১৩ তারিখে প্রকা/জিএম(প্রশা)-০৬/২০১৩-১৪/৬৯ নং স্মারকে অভিযোগকারীকে তথ্য সরবরাহ করেন। প্রদত্ত তথ্যে অভিযোগকারী অসন্তুষ্ট হয়ে তিনি ০৭-০১-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ০৯-০১-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৮-০১-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ তাঈদ উদ্দিন খান; প্রতিপক্ষ, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়ের উপ-মহাব্যবস্থাপক (শাখা নিয়ন্ত্রন বিভাগ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ আবদুল লতিফ ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে বিজ্ঞ আইনজীবী জনাব মোঃ আব্দুর রাজ্জাক হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য সরবরাহ করেন। প্রাপ্ত তথ্যে অসন্তুষ্ট হয়ে অভিযোগকারী আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পর আপীল কর্তৃপক্ষ (আরটিআই) এর প্রদত্ত তথ্যে অসন্তুষ্ট হয়ে অভিযোগকারী তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

(অঃ পৃঃ দ্রঃ)

০৫। রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়ের উপ-মহাব্যবস্থাপক (শাখা নিয়ন্ত্রন বিভাগ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর প্রার্থীত তথ্যের মধ্যে প্রথমটি আইনগত মতামত, এটি তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী কোন তথ্য নয় এবং দ্বিতীয়টির ক্ষেত্রে তদন্ত কমিটি গঠিত না হওয়ায় তদন্ত প্রতিবেদন সরবরাহ করা সম্ভব হয়নি।

০৬। আইনগত মতামত নোটশীটে দেয়া হয়েছে না আলাদাভাবে প্রদান করা হয়েছে কমিশনের এমন প্রশ্নের জবাবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে বিজ্ঞ আইনজীবী উল্লেখ করেন যে, আলাদাভাবে প্রদান করা হয়েছে। তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী আইনগত মতামত তথ্য হিসেবে গণ্য হবে। সেক্ষেত্রে আইনগত মতামত প্রদান ও তদন্ত কমিটি গঠিত না হলে সে বিষয়টি অভিযোগকারীকে জানিয়ে দেয়ার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে বলা হলে তিনি তাতে সম্মতি প্রদান করেন।

পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শ্রবনান্তে, দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর প্রার্থীত তথ্যের মধ্যে আইনগত মতামত, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য হিসেবে গণ্য হওয়ায় এটি প্রদানযোগ্য। তদন্ত কমিটি গঠিত না হয়ে থাকলে তদন্ত প্রতিবেদন প্রদানের বিষয়টি বিবেচ্য নয়। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে গণ্য করা যায়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ০৫-০২-২০১৪ তারিখ বা তদ্‌পূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহ করার জন্য রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়ের উপ-মহাব্যবস্থাপক (শাখা নিয়ন্ত্রন বিভাগ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশনা দেয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনাগুলো বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(মোহাম্মদ আবু তাহের)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার

[মিজান]